গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
চট্টগ্রাম সরকারি মহিলা কলেজ
নাসিরাবাদ, চট্টগ্রাম।
ওয়েব সাইট : cgwc.edu.bd

নম্বর : ১৮৩

তারিখ : ১৯/০৮/২০২১ খ্রিঃ

## ২০২১ সালের এইচ.এস.সি পরীক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট জমাদানের বিজ্ঞপ্তি :

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রণীত ২০২১ সালের এইচ.এস.সি পরীক্ষার্থীদের সপ্তাহভিত্তিক অ্যাসাইনমেন্ট কার্যক্রম ২৬/০৭/২০২১ খ্রিঃ থেকে শুরু হয়েছে। চতুর্থ সপ্তাহের অ্যাসাইনমেন্ট নিম্নলিখিত তারিখ ও সময়সূচি অনুযায়ী সংশ্লিষ্ট বিষয়ের বিভাগে জমা দিতে হবে।

| তারিখ ও বার | বিভাগ | সময় | কক্ষ নং |
|---|---|---|---|
| ২৪/০৮/২০২১, মঙ্গলবার | বিজ্ঞান | সকাল ১০:০০ - ১:০০ | সংশ্লিষ্ট বিষয়ের বিভাগীয় অফিস |
| ২৫/০৮/২০২১, বুধবার | ব্যবসায় শিক্ষা | সকাল ১০:০০ - ১:০০ | |
| ২৬/০৮/২০২১, বৃহস্পতিবার | মানবিক | সকাল ১০:০০ - ১:০০ | |

১৯/০৮/২১

(প্রফেসর তাহমিনা আক্তার নূর)
অধ্যক্ষ
চট্টগ্রাম সরকারি মহিলা কলেজ, চট্টগ্রাম।

১৯/০৮/২০২১

২০২১ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট

বিষয়: পদার্থবিজ্ঞান | পত্র: প্রথম | বিষয় কোড: ১৭৪ | স্তর: এইচএসসি

<table>
<tr><th>অ্যাসাইনমেন্ট নম্বর</th><th>অ্যাসাইনমেন্ট</th><th>শিখনফল/ বিষয়বস্তু</th><th>নির্দেশনা (সংকেত/ধাপ/পরিধি)</th><th>মূল্যায়ন নির্দেশনা(রুব্রিক্স)</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>৩<br><br>চতুর্থ অধ্যায়<br><br>অধ্যায় শিরোনাম: নিউটনিয়ান বলবিদ্যা</td><td>শিরোনাম: নিউটনের গতিসূত্রগুলোর পারস্পরিক সম্পর্ক ও বিভিন্ন প্রকার বলের ক্রিয়া বিশ্লেষণ<br><br>Fig-1<br>Fig-1 এ একটি 30° কোণে আনত মসৃণ তল বেয়ে 50kg ভরের একটি ব্লককে দড়ি দিয়ে সমত্বরণে উঠানো হচ্ছে।<br>(ক) ব্লকটির উপর কোন কোন বল ক্রিয়াশীল হচ্ছে চিত্র এঁকে দেখাও।<br>(খ) ব্লকটিকে স্থিরাবস্থা থেকে গতিশীল করার ক্ষেত্রে নিউটনের কী কী গতিসূত্র কাজ করছে এবং কীভাবে প্রয়োগ হচ্ছে-বিশ্লেষণ করো।<br>(গ) মাঝামাঝি অবস্থানে পৌঁছে বিশেষ কারণে ব্লকটি নিচের দিকে নামতে থাকলে, এই অবস্থায়ও ব্লকটির ওপর কোন কোন বল ক্রিয়াশীল হচ্ছে চিত্র তা এঁকে দেখাও।<br>(ঘ) আনত কোণের সাথে অভিলম্ব প্রতিক্রিয়া বলের কীরূপ পরিবর্তন হয় তা একটি লেখচিত্রের মাধ্যমে দেখাও।<br>(ঙ) আনত তলের কোণ বাড়িয়ে 45° করলে ব্লকটিকে উপরে তুলতে সুবিধা হবে নাকি অসুবিধা হবে, কারণ গাণিতিকভাবে নির্ধারণ করো। এই ক্ষেত্রে ঘর্ষণ বল 10 N।<br>(চ) ব্লকটি প্রায় শীর্ষের কাছাকাছি পৌঁছার পর বিশেষ কারণে দড়ির মাধ্যমে প্রয়োগকৃত বলের মান কমে 138N হয় । এ পর্যায়ে ব্লকটি সমত্বরণে নিচে নামতে থাকে। এই সমত্বরণ নির্ণয় করো। নিচে নামার ক্ষেত্রে প্রথম 3 sec পর ব্লকটির বেগ কত হবে? এক্ষেত্রে ঘর্ষণ বল 7N ধরে নাও ।</td><td>• বলের সংগামূলক ধারণা ব্যাখ্যা করতে পারবে<br>• নিউটনের গতি সূত্রগুলোর মধ্যে পারস্পরিক সম্পর্ক ব্যাখ্যা করতে পারবে<br>• নিউটনের গতি সূত্রের ব্যবহার করতে পারবে</td><td>• (ক) ও (গ) এর ক্ষেত্রে ব্লকের উপর ক্রিয়ারত সবগুলো বলের উপাংশের ক্রিয়া ও প্রতিক্রিয়ার দিক দেখাতে হবে<br>• (ঘ) এর লেখচিত্র অঙ্কনের ক্ষেত্রে কোণের অন্তত ৫টি গ্রহণযোগ্য মান নিতে হবে ($15^\circ - 75^\circ$ এর মধ্যে মানগুলি নেয়া যেতে পারে। )</td><td>

| নির্দেশক | পারদর্শিতার মাত্রা/নম্বর | | | স্কোর |
|---|---|---|---|---|
| | ৩ | ২ | ১ | |
| (ক) দিকসহ ক্রিয়াশীল বলের চিত্র | - | সবগুলো ক্রিয়াশীল বল সঠিক দিকসহ চিত্রে উপস্থাপন | ক্রিয়াশীল বল সঠিক দিকসহ চিত্রে আংশিক উপস্থাপন | |
| (খ) নিউটনের গতিসূত্র ও এর প্রয়োগ চিহ্নিতকরণ | সবগুলো সূত্র শনাক্তকরণ ও এর প্রয়োগ বিশ্লেষণ | সবগুলো সূত্র শনাক্তকরণ অথবা সূত্র আংশিক শনাক্তকরণ ও এর প্রয়োগ বিশ্লেষণ | অন্তত একটি সূত্র শনাক্তকরণ ও এর প্রয়োগ বিশ্লেষণ | |
| (গ) দিক নির্দেশ করে ক্রিয়াশীল বলগুলোর চিত্র | - | সবগুলো ক্রিয়াশীল বল সঠিক দিকসহ চিত্রে উপস্থাপন | ক্রিয়াশীল বল সঠিক দিকসহ চিত্রে আংশিক উপস্থাপন | |
| (ঘ) আনত কোণের সাথে অভিলম্ব প্রতিক্রিয়া বলের লেখচিত্র | প্রয়োজনীয় উপাত্ত নির্ণয়পূর্বক সঠিক স্কেলিং এ লেখচিত্রে সম্পর্ক উপস্থাপন | প্রয়োজনীয় উপাত্ত সঠিকভাবে নির্ণয় না করে লেখচিত্রে সম্পর্ক উপস্থাপন | শুধু ধারণা উপস্থাপন | |
| (ঙ) ব্লকটিকে উপরে তুলতে সুবিধা / অসুবিধার কারণ (গাণিতিকভাবে নির্ণয়) | প্রয়োজনীয় মান নির্ণয়পূর্বক তুলনামূলক আলোচনার মাধ্যমে উত্তর উপস্থাপন | শুধু মানগুলো নির্ণয় • | শুধু ধারণা উপস্থাপন অথবা শুধু সূত্র উপস্থাপন | |
| (চ) সমত্বরণ ও বেগের পরিমাপ | প্রয়োজনীয় গাণিতিক সূত্রসহ সমত্বরণ ও বেগ নির্ণয় | শুধু ত্বরণ নির্ণয় | শুধু ধারণা উপস্থাপন/ সূত্র উপস্থাপন | |
| এই অ্যাসাইনমেন্টে বরাদ্দকৃত নম্বর: ১৬ | | | মোট নম্বর: | |

| নম্বরের ব্যাপ্তি | মন্তব্য |
|---|---|
| ১৩-১৬ | অতি উত্তম |
| ১১-১২ | উত্তম |
| ৮-১০ | ভালো |
| ৮ এর কম | অগ্রগতি প্রয়োজন |

</td><td></td></tr>
</table>

## ২০২১ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট

বিষয়: রসায়ন | পত্র: প্রথম | বিষয় কোড: ১৭৬ | স্তর: এইচএসসি

| অ্যাসাইনমেন্ট নম্বর | অ্যাসাইনমেন্ট | শিখনফল/ বিষয়বস্তু | নির্দেশনা/ (সংকেত/ ধাপ/ পরিধি) | মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ৩<br><br>তৃতীয় অধ্যায়: মৌলের পর্যায়বৃত্ত ধর্ম ও রাসায়নিক বন্ধন | মৌলসমূহের শ্রেণিবিভাগ ও পর্যায়বৃত্ত ধর্ম | • ইলেকট্রন বিন্যাসের উপর ভিত্তি করে মৌলসমূহকে শ্রেণিবিভাগ (s, p, d ও f-ব্লক) করতে পারবে<br>• মৌলসমূহের বিভিন্ন ধর্মের পর্যায়বৃত্ততা ব্যাখ্যা করতে পারবে<br>• আয়নিকরণ শক্তি, ইলেকট্রন আসক্তি, তড়িৎ ঋণাত্মকতার উপর বিভিন্ন নিয়ামকের (পরমাণুর আকার, উপস্তর, ইলেকট্রন বিন্যাস) প্রভাব বর্ণনা করতে পারবে | ক) ইলেকট্রন বিন্যাসের ভিত্তিতে পর্যায় সারণির মৌলসমূহের শ্রেণিবিভাগ বর্ণনা<br><br>খ) পর্যায় সারণির একই পর্যায়ের মৌলসমূহের আয়নিকরণ শক্তির পরিবর্তন ব্যাখ্যা<br><br>গ) পর্যায় সারণির একই শ্রেণিতে মৌলসমূহের ইলেকট্রন আসক্তির পরিবর্তন ব্যাখ্যা<br><br>ঘ) মৌলের তড়িৎ ঋণাত্বকতার উপর বিভিন্ন নিয়ামকের প্রভাব ব্যাখ্যা | | |

| নির্দেশক | পারদর্শিতার মাত্রা/ নম্বর | | | | স্কোর |
|---|---|---|---|---|---|
| | ৪ | ৩ | ২ | ১ | |
| ক) উদাহরণসহ s, p, d ও f - ব্লক মৌলসমূহের বর্ণনা | ব্লকের মৌলসমূহের যথাযথ বর্ণনা | ব্লকের মৌলসমূহের অধিকাংশ সঠিক বর্ণনা | ব্লকের মৌলসমূহের আংশিক বর্ণনা | একটি ব্লকের মৌলসমূহের বর্ণনা | |
| খ) ২য় পর্যায়ের মৌলসমূহের আয়নিকরণ শক্তির পরিবর্তন ব্যতিক্রম উল্লেখসহ ব্যাখ্যা | আয়নিকরণ শক্তির পরিবর্তন যথাযথ ব্যাখ্যা | আয়নিকরণ শক্তির পরিবর্তন অধিকাংশ সঠিক ব্যাখ্যা | আয়নিকরণ শক্তির পরিবর্তন আংশিক ব্যাখ্যা | আয়নিকরণ শক্তি/ক্রম | |
| গ) ইলেকট্রন আসক্তির ব্যাখ্যা এবং F, Cl, Br ও I এর ইলেকট্রন আসক্তির ক্রম বর্ণনা | ইলেকট্রন আসক্তি এবং মৌলসমূহের ইলেকট্রন আসক্তির ক্রম যথাযথ ব্যাখ্যা | ইলেকট্রন আসক্তি এবং মৌলসমূহের ইলেকট্রন আসক্তির ক্রম অধিকাংশ সঠিক ব্যাখ্যা | ইলেকট্রন আসক্তি এবং মৌলসমূহের ইলেকট্রন আসক্তির ক্রম আংশিক ব্যাখ্যা | ইলেকট্রন আসক্তি /মৌলসমূহের ইলেকট্রন আসক্তির ক্রম | |
| ঘ) ২য় ও ৩য় পর্যায়ের মৌলসমূহের তড়িৎ ঋণাত্বকতার উপর পরমাণুর আকার, নিউক্লিয়ার চার্জ ও ইলেকট্রন বিন্যাসের প্রভাব ব্যাখ্যা | নিয়ামকসমূহের প্রভাব যথাযথ ব্যাখ্যা | নিয়ামকসমূহের প্রভাব অধিকাংশ সঠিক ব্যাখ্যা | নিয়ামকসমূহের প্রভাব আংশিক ব্যাখ্যা | একটি নিয়ামকের প্রভাব ব্যাখ্যা | |
| | | | | মোট | |

অ্যাসাইনমেন্টের জন্য বরাদ্দকৃত নম্বর: ১৬

বি:দ্র: যথাযথ/পূর্ণাঙ্গ = ৮০-১০০%, অধিকাংশ সঠিক = ৭০-৭৯%, আংশিক = ৫০-৬৯%

| নম্বরের ব্যাপ্তি | মন্তব্য |
|---|---|
| ১৪-১৬ | অতি উত্তম |
| ১১-১৩ | উত্তম |
| ৮-১০ | ভালো |
| ৭ বা ৭ এর কম | অগ্রগতি প্রয়োজন |

২০২১ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনম্যান্ট

বিষয়: ইসলামের ইতিহাস ও সংস্কৃতি | পত্র: প্রথম | বিষয় কোড : ২৬৭ | স্তর: এইচএসসি

<table>
<tr><th>অ্যাসাইনমেন্ট নম্বর</th><th>অ্যাসাইনমেন্ট</th><th>শিখনফল/বিষয়বস্তু</th><th>নির্দেশনা (সংকেত/ধাপ/পরিধি)</th><th>মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স)</th><th>মন্তব্য</th></tr>
<tr>
<td>০৩<br><br>দ্বিতীয় অধ্যায়: হযরত মুহাম্মদ (স)</td>
<td>মহানবি হযরত মুহাম্মদ (স) এর মদিনা জীবনে ইসলাম প্রচারের ক্ষেত্রে সৃষ্ট সমস্যা ও এর সমাধানের উপর একটি প্রতিবেদন তৈরি করো।</td>
<td>১. মদিনা সনদ ও মদিনায় আদর্শ রাষ্ট্রগঠনে এর গুরুত্ব বিশ্লেষণ করতে পারবে।<br>২. মহানবি (স) এর সময়ের বিভিন্ন যুদ্ধের কারণ ও ফলাফল ব্যাখ্যা করতে পারবে ।<br>৩. হুদায়বিয়ার সন্ধির পটভূমি, শর্তাবলি ওতাৎপর্য ব্যাখ্যা করতে পারবে ।<br>৪. মক্কা বিজয়ের ঘটনা বর্ণনা করতে পারবে এবং এখানে প্রতিফলিত শান্তিনীতির ধারণা ব্যক্তি ও সমাজ জীবনে প্রয়োগ করতে অনুপ্রাণিত হবে।</td>
<td>ক). মদিনা সনদ ও এর তাৎপর্য ব্যাখ্যা<br><br>খ). বদর ও উহুদ যুদ্ধের ফলাফল বিশ্লেষণ<br><br>গ).ইসলামের প্রসারে হুদায়বিয়ার সন্ধির গুরুত্ব পর্যালোচনা<br><br>ঘ) রক্তপাতহীন মক্কা বিজয়ে শান্তি নীতির ধারণা ব্যাখ্যা</td>
<td>
<table>
<tr><th rowspan="2">নির্দেশক</th><th colspan="4">পারদর্শিতার মাত্রা/নম্বর</th><th rowspan="2">স্কোর</th></tr>
<tr><th>৪</th><th>৩</th><th>২</th><th>১</th></tr>
<tr><td>ক). মদিনা সনদ ও এর তাৎপর্য</td><td>মদিনা সনদ ও এর তাৎপর্য যথাযথ ব্যাখ্যা করলে</td><td>মদিনা সনদ ও এর তাৎপর্য অধিকাংশ ব্যাখ্যা করলে</td><td>মদিনা সনদ ও এর তাৎপর্য আংশিক ব্যাখ্যা করলে</td><td>মদিনা সনদ ও এর তাৎপর্য ব্যাখ্যায় উন্নয়ন প্রয়োজন</td><td></td></tr>
<tr><td>খ). বদর ও উহুদ যুদ্ধের ফলাফল</td><td>বদর ও উহুদ যুদ্ধের ফলাফল যথাযথ বিশ্লেষণ করলে</td><td>বদর ও উহুদ যুদ্ধের ফলাফল অধিকাংশ বিশ্লেষণ করলে</td><td>বদর ও উহুদ যুদ্ধের ফলাফল আংশিক বিশ্লেষণ করলে</td><td>বদর ও উহুদ যুদ্ধের ফলাফল বিশ্লেষণে সীমাবদ্ধতা আছে</td><td></td></tr>
<tr><td>গ). হুদায়বিয়ার সন্ধির গুরুত্ব</td><td>হুদায়বিয়ার সন্ধির গুরুত্ব যথাযথ পর্যালোচনা করলে</td><td>হুদায়বিয়ার সন্ধির গুরুত্ব অধিকাংশ পর্যালোচনা করলে</td><td>হুদায়বিয়ার সন্ধির গুরুত্ব আংশিক পর্যালোচনা করলে</td><td>হুদায়বিয়ার সন্ধির গুরুত্ব পর্যালোচনায় সীমাবদ্ধতা আছে</td><td></td></tr>
<tr><td>ঘ) মক্কা বিজয় ও শান্তি নীতি</td><td>মক্কা বিজয়ে শান্তি নীতির ধারণা ব্যাখ্যায় সৃজনশীলতা পরিলক্ষিত হলে</td><td>মক্কা বিজয়ে শান্তি নীতির ধারণা ব্যাখ্যায় সৃজনশীলতা অধিকাংশ পরিলক্ষিত হলে</td><td>মক্কা বিজয়ে শান্তি নীতির ধারণা ব্যাখ্যায় সৃজনশীলতা আংশিক পরিলক্ষিত হলে</td><td>মক্কা বিজয়ে শান্তি নীতির ধারণা ব্যাখ্যায় সীমাবদ্ধতা আছে</td><td></td></tr>
<tr><td colspan="5">মোট</td><td></td></tr>
<tr><td colspan="6">মোট নম্বর:১৬</td></tr>
<tr><td colspan="6">বি.দ্র: যথাযথ/পূর্ণাঙ্গ = ৮০%-১০০% সঠিক, অধিকাংশ = ৭০%-৭৯% সঠিক এবং আংশিক = ৫০%-৬৯%</td></tr>
</table>
</td>
<td></td>
</tr>
</table>

| নম্বরের ব্যাপ্তি | মন্তব্য |
|---|---|
| ১৩-১৬ | অতি উত্তম |
| ১১-১২ | উত্তম |
| ৮-১০ | ভালো |
| ০-০৭ | অগ্রগতি প্রয়োজন |

২০২১ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট

বিষয়: পৌরনীতি ও সুশাসন　　পত্র: প্রথম　　বিষয় কোড: ২৬৯　　স্তর: এইচএসসি

| অ্যাসাইনমেন্ট নম্বর | অ্যাসাইনমেন্ট | শিখনফল/বিষয়বস্তু | নির্দেশনা (সংকেত/ধাপ/পরিধি) | মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ৩<br><br>তৃতীয় অধ্যায়: মূল্যবোধ, আইন, স্বাধীনতা ও সাম্য | 'মূল্যবোধ ও নৈতিকতা আইন, স্বাধীনতা ও সাম্যকে প্রভাবিত করে'- তাৎপর্য বিশ্লেষণ | • আইন ও নৈতিকতার সম্পর্ক বিশ্লেষন করতে পারবে<br>• স্বাধীনতা ও সাম্যের ধারণা ব্যাখ্যা করতে পারবে<br>• আইন, স্বাধীনতা ও সাম্যের পারস্পরিক সম্পর্ক মূল্যায়ন করতে পারবে<br>• গণতান্ত্রিক মূল্যবোধ ব্যাখ্যা করতে পারবে<br>• সুশাসন প্রতিষ্ঠায় মূল্যবোধের গুরুত্ব বিশ্লেষণ করতে পারবে | • মূল্যবোধ ও নৈতিকতার ধারণা<br>• আইন, স্বাধীনতা ও সাম্যের ধারণা<br>• আইন, স্বাধীনতা ও সাম্যের পারস্পরিক সম্পর্ক ও গুরুত্ব | | |

| নির্দেশক | পারদর্শিতার মাত্রা/ নম্বর | | | | স্কোর |
|---|---|---|---|---|---|
| | ৪ | ৩ | ২ | ১ | |
| ক. মূল্যবোধ ও নৈতিকতা সম্পর্কে বিশ্লেষণ | মূল্যবোধ ও নৈতিকতা সম্পর্কে সঠিকভাবে বিশ্লেষণ করেছে | মূল্যবোধ ও নৈতিকতা সম্পর্কে লিখেছে তবে সুবিন্যাস্ত নয় | শুধু মূল্যবোধ সম্পর্কে সঠিকভাবে বিশ্লেষণ করেছে | মূল্যবোধ এর ধারণা আংশিক লিখেছে | |
| খ. আইনের উৎস | আইনের উৎস সম্পর্কে সুস্পষ্টভাবে বর্ণনা করেছে | আইনের উৎস সম্পর্কে অধিকাংশ ধারণা দিয়েছে | আইনের উৎস সম্পর্কে ৩/৪টি ধারণা উল্লেখ করেছে | আইনের উৎস সম্পর্কে ১/২টি ধারণা উল্লেখ করেছে | |
| গ. স্বাধীনতার মূল বিষয়বস্তু | স্বাধীনতার মূল বিষয়বস্তু পূর্ণভাবে লিখেছে | স্বাধীনতার মূল বিষয়বস্তু আংশিক লিখেছে | স্বাধীনতার মূল বিষয়বস্তু সম্পর্কে ৩/৪টি ধারণা উল্লেখ করেছে | স্বাধীনতার মূল বিষয়বস্তু সম্পর্কে ১/২টি ধারণা উল্লেখ করেছে | |
| ঘ. আইন, স্বাধীনতা ও সাম্যের পারস্পরিক সম্পর্ক | আইন, স্বাধীনতা ও সাম্যের পারস্পরিক সম্পর্ক সুস্পষ্টভাবে লিখেছে | আইন, স্বাধীনতা ও সাম্যের পারস্পরিক সম্পর্ক আংশিক লিখেছে | শুধু আইন ও স্বাধীনতা সম্পর্কে লিখেছে | শুধু আইন সম্পর্কে লিখেছে | |
| ঙ. উপস্থাপনা কৌশল | সৃজনশীল ও ধারাবাহিক উপস্থাপন | অধিকাংশ (সম্পূর্ণ নয়) সৃজনশীল ও ধারাবাহিক উপস্থাপন | আংশিক সৃজনশীল ও ধারাবাহিক উপস্থাপন | হুবহু পাঠ্যপুস্তক থেকে লিখেছে | |
| | | | | মোট | |

অ্যাসাইনমেন্টের জন্য বরাদ্দকৃত নম্বর: ২০

বি.দ্র: যথাযথ/পূর্ণাঙ্গ = ৮০%-১০০% সঠিক, অধিকাংশ = ৭০%-৭৯% সঠিক এবং আংশিক = ৫০%-৬৯%

| নম্বরের ব্যাপ্তি | মন্তব্য |
|---|---|
| ১৬-২০ | অতি উত্তম |
| ১৪-১৫ | উত্তম |
| ১০-১৩ | ভালো |
| ০-৯ | অগ্রগতি প্রয়োজন |

২০২১ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট

বিষয়: যুক্তিবিদ্যা | পত্র: প্রথম | বিষয় কোড: ১২১ | স্তর: এইচএসসি

| অ্যাসাইনমেন্ট নম্বর | অ্যাসাইনমেন্ট | শিখনফল/বিষয়বস্তু | নির্দেশনা (সংকেত/ধাপ/পরিধি) | মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০৩<br>তৃতীয় অধ্যায়: যুক্তির উপাদান | ব্যাপ্তির নিয়ম উল্লেখপূর্বক বাস্তব উদাহরণের সাহায্যে পদের ব্যক্তার্থ ও জাত্যর্থের হ্রাস-বৃদ্ধির নিয়মের যথার্থতা যাচাই | • পদের ব্যক্তার্থ ও জাত্যর্থ ব্যাখ্যা করতে পারবে।<br>• পদের ব্যক্তার্থ ও জাত্যর্থের তুলনা করতে পারবে।<br>• পদের ব্যাপ্তির ধারণা বর্ণনা করতে পারবে।<br>• পদের ব্যাপ্তির নিয়ম বর্ণনা করতে পারবে।<br>• A; E, I এবং O বাক্যে পদের ব্যাপ্তি ব্যাখ্যা করতে পারবে। | • পদের ব্যাপ্তির ধারণা<br>• পদের ব্যাপ্তির সাধারণ নিয়ম উল্লেখ করে A; E, I এবং O বাক্যে ব্যাখ্যা<br>• উদাহরণসহ ব্যক্তার্থ ও জাত্যর্থ ব্যাখ্যা<br>• বাস্তব উদাহরণের সাহায্যে পদের ব্যক্তার্থ ও জাত্যর্থের হ্রাস-বৃদ্ধির নিয়মের বিশ্লেষণ | (নিচের রুব্রিক্স দ্রষ্টব্য) | |

| নির্দেশক | পারদর্শিতার মাত্রা/নম্বর | | | | স্কোর |
|---|---|---|---|---|---|
| | ৪ | ৩ | ২ | ১ | |
| ক. ব্যাপ্তির ধারণা উপস্থাপণ | পদের ব্যাপ্তির ধারণা যথার্থ ব্যাখ্যা করলে | পদের ব্যাপ্তির ধারণা আংশিক ব্যাখ্যা করলে | পদের ব্যাপ্তির ধারণা ব্যক্ত করলে | পদের ব্যাপ্তির ধারণা আংশিক ব্যক্ত করলে | |
| খ. নিয়মের ব্যাখ্যা | পদের ব্যাপ্তির সবগুলো সাধারণ নিয়ম উল্লেখ করে A; E, I এবং O বাক্যে যথাযথ ব্যাখ্যা করলে | পদের ব্যাপ্তির সবগুলো সাধারণ নিয়ম উল্লেখ করে A; E, I এবং O বাক্যে যথাযথ ব্যাখ্যা না করলে | পদের ব্যাপ্তির সাধারণ নিয়ম উল্লেখ ছাড়া A; E, I এবং O বাক্যে নিয়মের ব্যাখ্যা করলে | পদের ব্যাপ্তির সাধারণ নিয়ম উল্লেখ করলে | |
| গ. ব্যক্তার্থ ও জাত্যর্থ | উদাহরণসহ ব্যক্তার্থ ও জাত্যর্থ ব্যাখ্যা দিলে | উদাহরণসহ ব্যক্তার্থ ও জাত্যর্থের ধারণা দিলে | উদাহরণ ছাড়া ব্যক্তার্থ ও জাত্যর্থ ব্যাখ্যা দিলে | উদাহরণ ছাড়া ব্যক্তার্থ ও জাত্যর্থের ধারণা দিলে | |
| ঘ. যথার্থতা যাচাই | বাস্তব উদাহরণ ও চিত্রসহ পদের ব্যক্তার্থ ও জাত্যর্থের হ্রাস-বৃদ্ধির নিয়মের যথার্থ ব্যাখ্যা করলে | বাস্তব উদাহরণ কিন্তু চিত্র ছাড়া পদের ব্যক্তার্থ ও জাত্যর্থের হ্রাস-বৃদ্ধির নিয়ম ব্যাখ্যা করলে | বাস্তব উদাহরণ ও চিত্র ছাড়া পদের ব্যক্তার্থ ও জাত্যর্থের হ্রাস-বৃদ্ধির নিয়ম ব্যাখ্যা করলে | বাস্তব উদাহরণ ও চিত্র ছাড়া পদের ব্যক্তার্থ ও জাত্যর্থের হ্রাস-বৃদ্ধির নিয়ম আংশিক ব্যাখ্যা করলে | |
| | | | | মোট | |

অ্যাসাইনমেন্টের জন্য বরাদ্দকৃত মোট নম্বর: ১৬

বি.দ্র: যথাযথ/পূর্ণাঙ্গ = ৮০%-১০০% সঠিক, অধিকাংশ = ৭০%-৭৯% সঠিক এবং আংশিক = ৫০%-৬৯%

| নম্বরের ব্যাপ্তি | মন্তব্য |
|---|---|
| ১৩-১৬ | অতি উত্তম |
| ১১-১২ | উত্তম |
| ০৮-১০ | ভালো |
| ৭ বা ৭ এর কম | অগ্রগতি প্রয়োজন |

২০২১ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট

বিষয়: অর্থনীতি | পত্র: প্রথম | বিষয় কোড: ১০৯ | স্তর: এইচএসসি

| অ্যাসাইনমেন্ট নম্বর | অ্যাসাইনমেন্ট | শিখনফল/বিষয়বস্তু | নির্দেশনা (সংকেত/ধাপ/ পরিধি) | মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ৩<br><br>দ্বিতীয় অধ্যায়: ভোক্তা ও উৎপাদকের আচরণ | **চাহিদা এবং যোগান বিধির প্রেক্ষিতে ভারসাম্য দাম নির্ধারণ এবং দামের ওঠা নামার চাহিদা ও যোগানের পরিবর্তন নির্ণয়।**<br><br>("অন্যান্য অবস্থা অপরিবর্তিত থাকলে দাম বাড়লে চাহিদা কমে কিন্তু যোগান বাড়ে আবার দাম কমলে চাহিদা বাড়ে কিন্তু যোগান কমে"- এ উক্তিটির আলোকে বিভিন্ন দামে চাহিদা ও যোগানের পরিমাণ দেখিয়ে সূচি ও চিত্রের সাহায্যে ভারসাম্য অবস্থা বিশ্লেষণ) | • চাহিদার ধারণা ব্যাখ্যা করতে পারবে<br>• চাহিদাবিধিকে সূচি এবং রেখাচিত্রে রূপ দিয়ে ব্যাখ্যা করতে পারবে<br>• যোগানের ধারণা ব্যাখ্যা করতে পারবে<br>• যোগানবিধিকে সূচি ও রেখাচিত্রে রূপ দিতে পারবে<br>• সূচি, রেখাচিত্র এবং গাণিতিকভাবে ভারসাম্য দাম ও পরিমাণ নির্ধারণ করা এবং ভারসাম্য দামের উপর চাহিদা ও যোগানের পরিবর্তনের প্রভাব বিশ্লেষণ করতে পারবে | • চাহিদা ও যোগানের ধারণা<br>• চাহিদাবিধি ও যোগানবিধি<br>• ভারসাম্য অবস্থা<br>• দামের ওঠা-নামায় চাহিদা ও যোগানের পরিমাণ নির্ণয় | (নিচের রুব্রিক্স দেখুন) | |

| নির্দেশক | পারদর্শিতার মাত্রা/নম্বর | | | | স্কোর |
|---|---|---|---|---|---|
| | ৪ | ৩ | ২ | ১ | |
| ক) চাহিদা ও যোগানের ধারণা | উদাহরণসহ উভয় ধারণার প্রত্যাশিত ব্যাখ্যা | উদাহরণসহ যেকোনো ১টি ধারণার প্রত্যাশিত ব্যাখ্যা | ২টি ধারণাই উদাহরণ ছাড়া ব্যাখ্যা | যেকোনো ১টি ধারণার অস্পষ্ট ব্যাখ্যা | |
| খ) চাহিদাবিধি ও যোগানবিধি | সূচি ও চিত্রের সাহায্যে উভয় ধারণার প্রত্যাশিত ব্যাখ্যা | সূচি ও চিত্রের সাহায্যে যে কোনো ১টি ধারণার প্রত্যাশিত ব্যাখ্যা এবং অপর ধারণাটির আংশিক ব্যাখ্যা | উভয় ধারণাই যেকোনো ১টি (সূচি/চিত্র) পদ্ধতিতে উপস্থাপন | শুধু ধারণা ব্যাখ্যা | |
| গ) ভারসাম্য অবস্থা | সূচি ও চিত্রের মাধ্যমে যথাযথভাবে ভারসাম্য ব্যাখ্যা | সূচি অথবা চিত্রের মাধ্যমে ভারসাম্য ব্যাখ্যা | শুধুমাত্র ভারসাম্যের সাধারণ ব্যাখ্যা | ভারসাম্যের সাধারণ ব্যাখ্যা যথাযথভাবে হয়নি | |
| ঘ) দামের ওঠা-নামায় চাহিদা ও যোগানের পরিমাণ নির্ণয় | চিত্রে দামের ওঠা-নামায় চাহিদা ও যোগানের পরিমাণ নির্ণয় সঠিকভাবে ব্যাখ্যা | চিত্রে দামের ওঠা-নামায় চাহিদা / যোগানের পরিমাণ নির্ণয় সঠিকভাবে ব্যাখ্যা | চিত্রে দামের ওঠা-নামায় চাহিদা ও যোগানের পরিমাণ নির্ণয় উপস্থাপন করেছে কিন্তু ব্যাখ্যা করেনি | দামের ওঠা-নামায় চাহিদা ও যোগানের পরিমাণ নির্ণয় শুধুমাত্র ব্যাখ্যা | |
| | | | | মোট | |

বরাদ্দকৃত মোট নম্বর: ১৬

বি.দ্র: যথাযথ/পূর্ণাঙ্গ = ৮০%-১০০% সঠিক, অধিকাংশ = ৭০%-৭৯% সঠিক এবং আংশিক = ৫০%-৬৯%

| নম্বরের ব্যপ্তি | মন্তব্য |
|---|---|
| ১৩-১৬ | অতি উত্তম |
| ১১-১২ | উত্তম |
| ০৮-১০ | ভালো |
| ০৭ বা এর কম | অগ্রগতি প্রয়োজন |

# ২০২১ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট

বিষয়: ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা | পত্র: প্রথম | বিষয় কোড: ২৭৭ | স্তর: এইচএসসি

| অ্যাসাইনমেন্ট নম্বর | অ্যাসাইনমেন্ট | শিখনফল/বিষয়বস্তু | নির্দেশনা (সংকেত/ধাপ/পরিধি) | মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ৩<br><br>দ্বিতীয় অধ্যায়: ব্যবসায় পরিবেশ | ব্যবসায় প্রতিষ্ঠানের সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় ব্যষ্টিক ও সামষ্টিক পরিবেশের উপাদানসমূহের প্রভাব বিশ্লেষণ | • ব্যবসায় পরিবেশের ধারণা ব্যাখ্যা করতে পারবে<br>• ব্যবসায় পরিবেশের বিভিন্ন উপাদান ব্যাখ্যা করতে পারবে<br>• ব্যবসায়ের উপর পরিবেশের উপাদানগুলোর প্রভাব বিশ্লেষণ করতে পারবে<br>• ব্যবসায়ের পরিবেশের উপাদানগুলোর মধ্যে কোনগুলো বাংলাদেশের অনুকূল বা প্রতিকূল তা চিহ্নিত করতে পারবে<br>• বাংলাদেশে ব্যবসায় পরিবেশ উন্নয়নের পথে বিদ্যমান সমস্যাগুলো সনাক্ত করতে পারবে এবং তা দূরীকরণের উপায় চিহ্নিত করতে পারবে | • ব্যবসায় পরিবেশের ধারণা ব্যাখ্যা করতে হবে<br>• ব্যবসায়ের উপর ব্যষ্টিক পরিবেশের উপাদানগুলোর প্রভাব ব্যাখ্যা করতে হবে<br>• ব্যবসায়ের উপর সামষ্টিক পরিবেশের উপাদানগুলোর প্রভাব ব্যাখ্যা করতে হবে<br>• সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় পরিবেশের উপাদানসমূহের প্রভাব ব্যাখ্যা করতে হবে<br>(প্রয়োজনে নিজ জীবনের অভিজ্ঞতা ব্যাখ্যায় অন্তর্ভুক্ত করা যেতে পারে) | | |

| নির্দেশক | পারদর্শিতার মাত্রা/নম্বর | | | | স্কোর |
|---|---|---|---|---|---|
| | ৪ | ৩ | ২ | ১ | |
| ক. ব্যবসায়ের ধারণা | উদাহরণসহ ব্যবসায় পরিবেশের ধারণা সঠিকভাবে ব্যাখ্যা করলে | উদাহরণসহ ব্যবসায় পরিবেশের ধারণার ব্যাখ্যা অধিকাংশ সঠিক হলে | উদাহরণ ব্যাতীত ব্যবসায় পরিবেশের ধারণার ব্যাখ্যা সঠিক হলে | উদাহরণ ব্যাতীত ব্যবসায় পরিবেশের ধারণার ব্যাখ্যা আংশিক সঠিক হলে | |
| খ. ব্যবসায়ের ব্যষ্টিক পরিবেশের উপাদান | ব্যবসায়ের অভ্যন্তরীণ ও বাহ্যিক পরিবেশের ৪টি করে উপাদান সঠিকভাবে ব্যাখ্যা করলে | ব্যবসায়ের অভ্যন্তরীণ ও বাহ্যিক পরিবেশের ৩টি করে উপাদান সঠিকভাবে ব্যাখ্যা করলে | ব্যবসায়ের অভ্যন্তরীণ ও বাহ্যিক পরিবেশের ২টি করে উপাদান সঠিকভাবে ব্যাখ্যা করলে | ব্যবসায়ের অভ্যন্তরীণ ও বাহ্যিক পরিবেশের ১টি করে উপাদান সঠিকভাবে ব্যাখ্যা করলে | |
| গ. ব্যবসায়ের সামষ্টিক পরিবেশের উপাদান | ছকসহ ব্যবসায়ের সামষ্টিক পরিবেশের উপাদানসমূহের উপস্থাপন এবং ৪টি উপাদান সঠিকভাবে ব্যাখ্যা করলে | ছকসহ ব্যবসায়ের সামষ্টিক পরিবেশের উপাদানসমূহের উপস্থাপন এবং ৩টি উপাদান সঠিকভাবে ব্যাখ্যা করলে | ছকসহ ব্যবসায়ের সামষ্টিক পরিবেশের উপাদানসমূহের উপস্থাপন এবং ২টি উপাদান সঠিকভাবে ব্যাখ্যা করলে | ব্যবসায়ের সামষ্টিক পরিবেশের উপাদানসমূহের মধ্যে ১টি উপাদান ব্যাখ্যা করলে | |
| ঘ. ব্যবসায়িক সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় পরিবেশের উপাদান সমূহের প্রভাব | সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় ব্যবসায়ের অর্থনৈতিক, রাজনৈতিক ও আইনগত পরিবেশের প্রভাব উদাহরণসহ ব্যাখ্যা করলে | সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় ব্যবসায়ের অর্থনৈতিক, রাজনৈতিক ও আইনগত পরিবেশের যেকোন ২টির প্রভাব উদাহরণসহ ব্যাখ্যা করলে | সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় ব্যবসায়ের অর্থনৈতিক, রাজনৈতিক ও আইনগত পরিবেশের যেকোন ১টির প্রভাব উদাহরণসহ ব্যাখ্যা করলে | সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় ব্যবসায়ের অর্থনৈতিক, রাজনৈতিক ও আইনগত পরিবেশের যেকোন ১টির প্রভাব ব্যাখ্যা করলে | |
| | | | | মোট | |

অ্যাসাইনমেন্টের জন্য বরাদ্দকৃত নম্বর: ১৬

বি:দ্র: বরাদ্দকৃত নম্বর: যথাযথ/পূর্ণাঙ্গ= ৮০-১০০% সঠিক, অধিকাংশ= ৭০-৭৯% সঠিক এবং আংশিক = ৫০-৬৯%

| নম্বরের ব্যাপ্তি | মন্তব্য |
|---|---|
| ১৩-১৬ | অতি উত্তম |
| ১১-১২ | উত্তম |
| ০৮-১০ | ভালো |
| ০১-০৭ | অগ্রগতি প্রয়োজন |

## ২০২১ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট

বিষয়: হিসাববিজ্ঞান    পত্র: প্রথম    বিষয় কোড: ২৫৩    স্তর: এইচএসসি

| অ্যাসাইনমেন্ট নম্বর | অ্যাসাইনমেন্ট | শিখনফল/ বিষয়বস্তু | নির্দেশনা (সংকেত/ ধাপ/ পরিধি) | মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০৩<br><br>তৃতীয় অধ্যায়: ব্যাংক সমন্বয় বিবরণী | **নগদ অর্থের স্বচ্ছতা নিশ্চিতকরণে ব্যাংক সমন্বয় বিবরণী প্রস্তুতকরণ**<br>**সহায়ক তথ্য:**<br>২০২১ সালের ৩০ জুন তারিখে সবুজ ট্রেডার্সের নগদান বই এবং ব্যাংক বিবরণীর উদ্বৃত্তের মধ্যে গরমিল পরিলক্ষিত হয়। নিম্নে এ সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য উপস্থাপন করা হলো:<br>১। নগদান বই অনুযায়ী ব্যাংক জমাতিরিক্তের পরিমান ৬০,০০০ টাকা।<br>২। ১৫,০০০ টাকা ও ২০,০০০ টাকার দুইটি ইস্যুকৃত চেকের মধ্যে ২য় চেকটি ৩০ জুনের মধ্যে পরিশোধের জন্য ব্যাংকে উপস্থাপিত হয়নি।<br>৩। ১০,০০০ টাকা ও ৯,০০০ টাকার দুইটি চেক আদায়ের জন্য ব্যাংকে জমা দেয়া হয়েছিল। ৩০ জুনের মধ্যে ১ম চেকটি ব্যাংক কর্তৃক আদায় হয়নি।<br>৪। ব্যাংক কর্তৃক লভ্যাংশ আদায় ৫,০০০ টাকা নগদান বইতে লেখা হয়নি।<br>৫। প্রদেয় হিসাবের ১০,০০০ টাকা ব্যাংক কর্তৃক পরিশোধিত হয়েছে। যা নগদান বইতে লেখা হয়নি।<br>৬। প্রাপ্য হিসাবের নিকট থেকে প্রাপ্ত ২,০০০ টাকার একখানি চেক নগদান বইতে ভুলে দুইবার ক্রেডিট করা হয়েছে অথচ ব্যাংক বিবরণীতে যথারীতি ক্রেডিট করা হয়েছে।<br>৭। ব্যাংক জমাতিরিক্তের সুদ ৫,০০০টাকা নগদান বইয়ে লেখা হয়নি। | • নগদান বই ও ব্যাংক হিসাবের উদ্বৃত্তের পার্থক্যের কারণ উদঘাটন করতে পারবে।<br>• ব্যাংক সমন্বয় বিবরণী প্রস্তুত করতে পারবে।<br>• নগদ অর্থের স্বচ্ছতা নিশ্চিতকরণ করতে পারবে। | • ব্যাংক সমন্বয় বিবরণী তৈরি করার উদ্দেশ্য বর্ণনাকরণ।<br>• নগদান বই ও ব্যাংক বিবরণীর উদ্বৃত্তের গরমিলের কারণ চিহ্নিতকরণ।<br>• নগদান বইয়ে লেনদেন লিপিবদ্ধকরণ।<br>• ব্যাংক সমন্বয় বিবরণী প্রস্তুতকরণ। | (নিচের রুব্রিক্স দেখুন) | |

| নির্দেশক | পারদর্শিতার মাত্রা /নম্বর ৪ | ৩ | ২ | ১ | স্কোর |
|---|---|---|---|---|---|
| ক) ব্যাংক সমন্বয় বিবরণী তৈরি করার উদ্দেশ্য বর্ণনা | ৪টি উদ্দেশ্য সঠিকভাবে বর্ণনা করা হলে | ৩টি উদ্দেশ্য সঠিকভাবে বর্ণনা করা হলে | ২টি উদ্দেশ্য সঠিকভাবে বর্ণনা করা হলে | ১টি উদ্দেশ্য সঠিকভাবে বর্ণনা করা হলে | |
| খ) নগদান বই ও ব্যাংক বিবরণীর উদ্বৃত্তের গরমিলের কারণ | ৬টি কারণ সঠিক হলে | কমপক্ষে ৪টি কারণ সঠিক হলে | ৩টি কারণ সঠিক হলে | ১টি কারণ সঠিক হলে | |
| গ) সহায়ক তথ্যের ভিত্তিতে নগদান বইতে লিপিবদ্ধ হয়নি এরূপ লেনদেনসমূহের দাখিলা প্রস্তুতকরণ | ৪টি দাখিলা সঠিক হলে | ৩টি দাখিলা সঠিক হলে | ২টি দাখিলা সঠিক হলে | ১টি দাখিলা সঠিক হলে | |
| ঘ) সহায়ক তথ্যের ভিত্তিতে ব্যাংক সমন্বয় বিবরণী প্রস্তুতকরণ | যথাযথভাবে ব্যাংক সমন্বয় বিবরণী প্রস্তুত প্রস্তুত করা হলে | ব্যাংক সমন্বয় বিবরণীতে কমপক্ষে ৪টি গড়মিলের কারণ সঠিকভাবে উপস্থাপিত হলে | ব্যাংক সমন্বয় বিবরণীতে কমপক্ষে ৩টি গড়মিলের কারণ সঠিকভাবে উপস্থাপিত হলে | ব্যাংক সমন্বয় বিবরণীতে কমপক্ষে ২টি গড়মিলের কারণ সঠিকভাবে উপস্থাপিত হলে | |
| | | | | মোট | |

অ্যাসাইনমেন্টের জন্য বরাদ্দকৃত নম্বর: **১৬**

বি.দ্র: যথাযথ/পূর্ণাঙ্গ = ৮০%-১০০% সঠিক, অধিকাংশ = ৭০%-৭৯% সঠিক এবং আংশিক = ৫০%-৬৯%

| নম্বরের ব্যাপ্তি | মন্তব্য |
|---|---|
| ১৩- ১৬ | অতি উত্তম |
| ১১- ১২ | উত্তম |
| ০৮- ১০ | ভালো |
| ০০- ০৭ | অগ্রগতি প্রয়োজন |